Advocates for Children of New York
Protecting every child's right to learn

# উন্নয়নমূলক মাইলস্টোন

| | শারীরিক | জ্ঞানগত | কথোপকথন | সামাজিক-আবেগ সংক্রান্ত |
|---|---|---|---|---|
| 15 মাস | • উপুড় হলে মাথা উঁচু করে রাখে<br>• দুই হাত-পা নাড়ায় মাঝে মাঝে হাতের মুঠো খোলে | • আপনি নড়লে খেয়াল করে<br>• বেশ কয়েক সেকেন্ডের জন্য খেলনার দিকে তাকিয়ে থাকে | • কান্না ছাড়াও অন্য আওয়াজ করে<br>• জোরে শব্দ হলে প্রতিক্রিয়া জানায় | • কথা বললে বা কোলে নিলে শান্ত হয়<br>• মুখের দিকে তাকায়<br>• আপনাকে দেখে খুশি হয়<br>• ওর সাথে কথা বললে বা হাসলে ও হাসে |
| 4 মাস | • কোলে নিলে সাপোর্ট ছাড়াই মাথা সোজা করে রাখতে পারে<br>• মুখে হাত দেয়<br>• হাতে খেলনা দিলে ধরে<br>• খেলনার সাথে হাত দোলায়<br>• উপুড় হয়ে থাকলে কনুই ও হাতের উপর ভর দিয়ে এগোতে চায় | • খিদে পেলে স্তন বা বোতল দেখলে মুখ খোলে<br>• আগ্রহ সহকারে নিজের হাতের দিকে তাকায় | • "ও", "আ" জাতীয় আওয়াজ করে (বিভিন্ন আওয়াজ)<br>• কথা বললে সাড়া দেয়<br>• আপনার কথার আওয়াজের দিকে মাথা ঘুরিয়ে তাকায় | • আপনার দৃষ্টি আকর্ষণ করতে হাসে<br>• আপনি হাসানোর চেষ্টা করলে একটু হাসে (ঠিক পুরোপুরি হাসি নয়)<br>• আপনার দৃষ্টি আকর্ষণ করতে বা ধরে রাখতে আপনার দিকে তাকায়, নড়ে বা হাসে |
| 6 মাস | • উপুড় অবস্থা থেকে গড়িয়ে সোজা হয়ে শোয়<br>• উপুড় থাকা অবস্থায় হাতের উপর ভর দিয়ে ঠেলে এগোয়<br>• বসে থাকলে সামনে ঝুঁকে দুই হাতের তালু নিচে ঠেকিয়ে রাখে | • জিনিসটা কী বুঝতে সেটা মুখে দেয়<br>• যে খেলনা চাই সেটা ধরতে হাত বাড়িয়ে দেয়<br>• আর খাবে না বোঝাতে ঠোঁট চেপে রাখে | • মুখে আওয়াজ করে আপনার সাথে ঘোরে<br>• মুখে আওয়াজ করে (জিভ বার করে ফুঁ দেওয়ার মতো করে)<br>• জোরে চিৎকার করে | • পরিচিত লোকজনকে চিনতে পারে<br>• নিজেকে আয়নায় দেখতে ভালোবাসে<br>• হাসে |
| 9 মাস | • নিজে থেকে বসতে পারে<br>• এক হাত থেকে অন্য হাতে জিনিস নিতে পারে<br>• আঙুল দিয়ে খাবার নিজের দিকে টেনে আনে<br>• কোনও সাপোর্ট ছাড়া বসতে পারে | • জিনিস পড়ে গেলে সেটা খোঁজে (যেমন খেলনা বা চামচ)<br>• দুটো জিনিস একসাথে ঠোকা দেয় | • "মামামামামা" "বাবাবাবাবা" এর মতো বিভিন্ন শব্দ বলে<br>• কোলে ওঠার জন্য হাত উপরে করে | • অচেনা ব্যক্তি থাকলে লজ্জা পায়, যেতে চায় না, ভয় পায়<br>• নানা রকমের অভিব্যক্তি প্রকাশ করে যেমন আনন্দ, দুঃখ, রাগ ও অবাক হওয়া<br>• ওর নাম ধরে ডাকলে তাকায়<br>• আপনি চলে আসলে তার প্রভাব পড়ে (তাকায়, আপনার কোলে আসতে চায়, কাঁদে)<br>• "টুকি টুকি" খেললে একটু হাসে বা খিল খিল করে হাসে |
| 1 বছর | • উঠে দাঁড়ায়<br>• কিছু ধরে ধরে হাঁটে<br>• আপনি কাপ ধরে থাকলে, ঢাকনা বিহীন কাপ থেকে খেতে পারে<br>• বুড়ো আঙুল ও তর্জনী দিয়ে জিনিস ধরে যেমন খাবারের টুকরো | • কোনও পাত্র যেমন কাপের মধ্যে জিনিস রাখে<br>• আপনাকে কোনও জিনিস লুকাতে দেখলে সেটা খোঁজে, যেমন কম্বলের তলা থেকে খেলনা | • "বাই-বাই" করতে হাত নাড়ে<br>• মা বাবাকে "মামা" "বাবা" বা অন্য নামে ডাকে<br>• "না" কথার মানে বোঝে (বললে থমকে যায় বা একটু থেমে যায়) | • আপনার সাথে খেলা করে যেমন "আগডুম বাগডুম" |



Copyright © 2022 by Advocates for Children of New York, Inc. www.advocatesforchildren.org

| | শারীরিক | জ্ঞ্যানগত | কথোপকথন | সামাজিক-আবেগ সংক্রান্ত |
|---|---|---|---|---|
| **15** মাস | • নিজে নিজে দু-এক পা হাঁটে<br>• নিজের মুখে খাবার দিতে আঙুল ব্যবহার করে | • জিনিসপত্র সঠিক ভাবে ব্যবহার করে যেমন ফোন, কাপ, বই<br>• দুটো জিনিস যেমন দুটো ব্লক একটার উপর আরেকটা রাখে | • "মামা", "বাবা" ছাড়া আরও দু-একটা শব্দ বলে যেমন কুকুরের জন্য 'ঘউ ঘউ', বলের জন্য 'ব ব'<br>• আপনি নাম করলে সেই পরিচিত বস্তুর দিকে তাকায়<br>• মুখে বললে বা হাত দিয়ে দেখালে সেই দিকে তাকায়<br>• কোনও কিছু পেতে বা সাহায্যের জন্য আঙুল দিয়ে দেখিয়ে দেয় | • খেলার সময় অন্য বাচ্চাদের অনুকরণ করে যেমন কাউকে কোনও পাত্র থেকে খেলনা বার করতে দেখলে ও নিজেও তাই করে<br>• তার পছন্দের জিনিস আপনাকে দেখিয়ে দেয়<br>• আনন্দে হাত তালি দেয়<br>• বড় পুতুল বা অন্য খেলনা জড়িয়ে ধরে<br>• আপনাকে আদর করে (জড়িয়ে ধরে, বুকে মাথা রাখে বা চুমু খায়) |
| **1.5** বছর | • কাউকে বা কিছু না ধরেই হাঁটে<br>• আঁকিবুঁকি কাটে<br>• ঢাকনা বিহীন কাপ থেকে চুমুক দিয়ে খায় আর কখনও কাপ থেকে পড়ে যায়<br>• আঙুল দিয়ে ধরে খায়<br>• চামচ দিয়ে খাবার চেষ্টা করে<br>• কোনও সাহায্য ছাড়াই চেয়ার বা সোফায় ওঠে আর নামে | • আপনাকে ঘরের কাজকর্ম করতে দেখে অনুকরণ করে যেমন ঝাঁটা দিয়ে ঘর ঝাড়ু দেওয়া<br>• খেলনা নিয়ে সাধারণভাবে খেলে যেমন খেলনা গাড়ি ধাক্কা দিয়ে চালানো | • "মামা", "বাবা" ছাড়া আরও তিন চারটে শব্দ বলার চেষ্টা করে<br>• কোনও হাতের ইশারা ছাড়াই ছোট ছোট নির্দেশ বুঝতে পারে যেমন আপনি 'ওটা আমাকে দাও' বললে আপনাকে খেলনা দিয়ে দেয় | • আপনার থেকে একটু দূরে যায় কিন্তু তাকিয়ে দেখে যে আপনি কাছাকাছি আছেন কি না<br>• পছন্দের কোনও জিনিস হাত দিয়ে দেখায়<br>• হাত বাড়িয়ে দেয় যাতে আপনি হাত ধুয়ে দেন<br>• আপনার সাথে বইয়ের কিছু পাতা দেখে<br>• জামাকাপড় পরার সময় হাত গলিয়ে দেয় বা পা তোলে যাতে আপনি পরাতে পারেন |
| **2** বছর | • বলে লাথি মারে<br>• দৌড়ায়<br>• কোনও সাহায্য ছাড়াই সিঁড়ী দিয়ে কয়েক ধাপ ওঠে (হামাগুড়ি দিয়ে নয়)<br>• চামচ দিয়ে খায় | • এক হাত দিয়ে কিছু ধরে অন্য হাত দিয়ে কাজ করে যেমন এক হাতে বোতল ধরে অন্য হাত দিয়ে তার ঢাকনা খোলা<br>• খেলনার সুইচ, নব বা বোতাম ব্যবহার করার চেষ্টা করে<br>• একই সময় একাধিক খেলনা নিয়ে খেলে যেমন খেলনা থালার মধ্যে খেলনা খাবার রাখা | • বইয়ের মধ্যে কোনও জিনিস জিজ্ঞেস করলে যেমন 'ভাল্লুক কোথায়?" তাহলে আঙুল দিয়ে দেখিয়ে দেয়<br>• কমপক্ষে দুটো শব্দ এক সাথে বলে যেমন "আরও দুধ"<br>• আপনি দেখাতে বললে কমপক্ষে শরীরের দুটো অংশ চিহ্নিত করে<br>• হাত নাড়া বা আঙুল দিয়ে নির্দেশ করা ছাড়াও আরও অঙ্গভঙ্গি করে যেমন ফ্লাইং কিস দেওয়া বা মাথা নেড়ে হ্যাঁ বলা | • কেউ ব্যথা পেলে বা কাঁদলে সেটা খেয়াল করে এবং মন খারাপ হয় বা চুপ হয়ে যায়<br>• নতুন কোনও অবস্থায় আপনি কী করেন দেখতে আপনার মুখের দিকে লক্ষ্য করে |



Copyright © 2022 by Advocates for Children of New York, Inc. www.advocatesforchildren.org

| | শারীরিক | জ্ঞানগত | কথোপকথন | সামাজিক-আবেগ সংক্রান্ত |
|---|---|---|---|---|
| **30** মাস | • দরজার নব ঘোরাতে বা বোতলের ঢাকনার প্যাঁচ খুলতে হাতের ব্যবহার করে<br>• কিছু কিছু জামাকাপড় নিজে খুলতে পারে যেমন ঢোলা প্যান্ট বা বুক খোলা জ্যাকেট<br>• মাটি থেকে উপরে দুই পায়ে লাফায়<br>• আপনি যখন পড়ে শোনান, একটা একটা করে বইয়ের পাতা ওলটায় | • জিনিস ব্যবহার করার ভান করতে পারে যেমন একটা ব্লক পুতুলের মুখে দেয় যেন ওটা খাবার<br>• ছোটখাটো সমস্যা সমাধান করতে পারে যেমন উঁচু জায়গায় যাতে হাত পৌঁছায় তার জন্য টুলের উপর দাঁড়ানো<br>• দুই-ধাপের নির্দেশ বুঝতে পারে যেমন "খেলনাটা নিচে রেখে দরজা বন্ধ কর"<br>• "লাল কোনটা?" জিজ্ঞেস করলে লাল রঙের ক্রেয়ন দেখিয়ে বুঝিয়ে দেয় যে কমপক্ষে একটা রঙ চেনে | • প্রায় 50টার মতো শব্দ বলতে পারে<br>• একসাথে দুটো বা বেশি শব্দ বলে যেমন "কুকুর যা"<br>• বইয়ের মধ্যে দেখিয়ে "এটা কী?" জিজ্ঞেস করলে বলতে পারে<br>• "আমি", "আমাকে", "আমরা" জাতীয় শব্দ বলে | • অন্য বাচ্চাদের পাশাপাশি খেলে বা কখনও তাদের সাথেও খেলে<br>• "এই দেখো" বলে সে কী করতে পারে আপনাকে দেখায়<br>• ধারাবাহিক কাজকর্ম করে যেমন "এবার গোছাতে হবে" বললে খেলনাগুলো তুলতে সাহায্য করে |
| **3** বছর | • বড় পুঁথি বা ম্যাকারনি তারের মধ্যে একত্রিত করতে পারে<br>• কিছু কিছু জামাকাপড় নিজে পরতে পারে যেমন ঢোলা প্যান্ট বা বুক খোলা জ্যাকেট<br>• কাঁটাচামচ ব্যবহার করে | • দেখিয়ে দিলে বৃত্ত আঁকতে পারে<br>• সতর্ক করলে গরম কোনও জিনিসে হাত দেয় না যেমন উনুন | • আপনার সাথে কথা বলে এবং অন্তত দুবার প্রত্যুত্তর দিয়ে কথোপকথন চালায়<br>• জিজ্ঞেস করে "কে", "কী", "কোথায়", "কেন" যেমন প্রশ্ন করে "মা/বাবা কোথায়?"<br>• বই বা ছবিতে কী দেখানো হচ্ছে জিজ্ঞেস করলে বলতে পারে যেমন "দৌড়াচ্ছে", "খাচ্ছে", "খেলছে"<br>• জিজ্ঞেস করলে নাম বলতে পারে<br>• বেশীরভাগ সময়, লোকজন বুঝতে পারবে এমনভাবেই কথা বলে | • আপনি কোথাও রেখে আসলে, যেমন চাইল্ড কেয়ারে 10 মিনিট পর ঠিক হয়ে যায়<br>• অন্য বাচ্চাদের লক্ষ্য করে এবং তাদের সাথে খেলায় যোগ দেয় |

*উৎস:রোগ নিয়ন্ত্রণ ও নিরাময় কেন্দ্র,উন্নয়নমূলক মাইলস্টোন,* http://www.cdc.gov/ncbddd/actearly/milestones/



Copyright © 2022 by Advocates for Children of New York, Inc. www.advocatesforchildren.org